কালিগঞ্জ উপজেলা সম্পর্কে জানতে ভিজিট করুন-
www.kaliganj.satkhira.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিগঞ্জ, সাতক্ষীরা

ক্লিন সাতক্ষীরা
গ্রিন সাতক্ষীরা

**মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে ১০ জানুয়ারি ২০২০ তারিখ হতে ক্ষণগণনা শুরু বিষয়ক অনুষ্ঠানমালার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা

তারিখ ও সময় : ৩০ ডিসেম্বর ২০১৯, সকাল ১১.৩০টা

সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ, সাতক্ষীরা

উপস্থিতি : উপস্থিত সদস্যদের তালিকা পৃথকভাব সংরক্ষিত

উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সভায় জানান, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশত বার্ষিকী ব্যাপক উৎসাহ উদ্দীপনার মাধ্যমে উদযাপন করা হবে। সরকার কর্তৃক ১৭ই মার্চ ২০২০ হতে ১৭ই মার্চ ২০২১ পর্যন্ত সময়কালকে ***"মুজিববর্ষ ২০২০"*** ঘোষণা করা হয়েছে। মুজিববর্ষ উপলক্ষ্যে জেলা প্রশাসক সাতক্ষীরা মহোদয়ের কার্যালয়ের এবং মন্ত্রিপরিষদ বিভাগ নিকট হতে প্রাপ্ত সকল পত্র পাঠ করা হয় এবং নির্দেশিত বিভিন্ন অনুষ্ঠানমালা আয়োজন ছাড়াও নিজস্ব নানা আয়োজনে সারা বছরব্যাপী মুজিববর্ষ উদযাপন করা হবে মর্মে আলোচনা হয়। ১০ই জানুয়ারি ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বিকাল ৫.০০ টায় দেশব্যাপী ক্ষণগণনা (count-down) কার্যক্রম উদ্বোধন করবেন এবং ১৭ মার্চ ২০২০ পর্যন্ত নিরিবিচ্ছিন্নভাবে চলমান থাকবে। কালিগঞ্জ উপজেলার ক্ষণগণনা (count-down) উদ্বোধন কার্যক্রম অনুষ্ঠানকে সুষ্ঠ ও সুন্দর করতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও কর্ম তুলে ধরতে হবে। অনুষ্ঠানটি আকর্ষণীয়, ভাবগাম্ভীর্যপূর্ণ করা যায় কিভাবে সেবিষয়ে সভার উপস্থিত সকলকে মতামত আহবান করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত কর্মসূচি ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

| ক্রঃ | তারিখ ও সময় | স্থান ও কর্মসূচী | বাস্তবায়নকারী/ দায়িত্বপ্রাপ্ত উপ-কমিটি |
|---|---|---|---|
| ১.১ | ১০ জানুয়ারি, ২০২০ সকাল ১০:০০ টা | উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দের সাথে প্রেস ব্রিফিং। | ১) উপজেলা প্রশাসন, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>২) সভাপতি প্রেস ক্লাব, কালিগঞ্জ, সাতক্ষীরা<br>৩) সভাপতি,বাঃ সাংবাদিক সমিতি কালিগঞ্জ, সাতক্ষীরা<br>৪) সভাপতি, রিপোটার্স ক্লাব, কালিগঞ্জ, সাতক্ষীরা |
| ১.২ | ১০ জানুয়ারি, ২০২০ সকাল ১০:২০ টা | উপজেলার পরিষদ মাঠে সমবেত কণ্ঠে শুদ্ধস্বরে জাতীয় সঙ্গীত পরিবেশন। | ১) সাধারণ সম্পাদক, উপজেলা শিল্পকলা একাডেমি কালিগঞ্জ, সাতক্ষীরা। |
| ১.৩ | ১০ জানুয়ারি, ২০২০ সকাল ১০:৩০ টা | উপজেলায় ক্ষণগণনা উদ্বোধন কার্যক্রম বর্ণাঢ্য মুজিব র‍্যালী আয়োজন করতে হবে। র‍্যালীটি রাজনৈতিক নেতৃবৃন্দ, সরকারি-বেসরকারি সকল বিভাগের কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সাংবাদিক বৃন্দ, বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীসহ সর্বস্তরের মানুষের অংশগ্রণে উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে বঙ্গবন্ধু মুরালে সমাপ্ত এবং পুষ্পস্তবক অর্পণ। | ১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ<br>২) উপজেলা শিক্ষা অফিসার, কালিগঞ্জ<br>৩) অধ্যক্ষ, কালিগঞ্জ সরকারি কলেজ/রোকেয়া মুনসুর মহিলা কলেজ, কালিগঞ্জ<br>৪) কালিগঞ্জ সরকারি কলেজ, কালিগঞ্জ পাইলট বালিকা বিদ্যালয়<br>৫) এনজিও (সকল), কালিগঞ্জ |
| ১.৪ | ১০ জানুয়ারি, ২০২০ সকাল ১১:০০ টা | উপজেলা পরিষদ মাঠে জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জীবন ও কর্মের উপর আলোচনা সভা। | ১) সকল সরকারি দপ্তর প্রধান, কালিগঞ্জ<br>২) অধ্যক্ষ, কালিগঞ্জ সরকারি কলেজ/রোকেয়া মুনসুর মহিলা কলেজ, কালিগঞ্জ<br>৩) কালিগঞ্জ সরকারি কলেজ, কালিগঞ্জ পাইলট বালিকা বিদ্যালয়<br>৪) জনাব গাজী আজিজুর রহমান, কালিগঞ্জ |
| ১.৫ | ১০ জানুয়ারি, ২০২০ সকাল ১২:৩০-০৩ টা | জুমার নামাজ ও মধ্যাহ্ন বিরতি | |
| ১.৬ | ১০ জানুয়ারি, ২০২০ বিকাল ০৩:০০ টা | উপজেলা শিল্পকলা একাডেমির আয়োজনে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। | ১) উপজেলা শিল্পকলা একাডেমি কালিগঞ্জ<br>২) ব্যবস্থাপক/ম্যানেজার ডিআরআরএ, কালিগঞ্জ |
| ১.৭ | ১০ জানুয়ারি, ২০২০ বিকাল ০৫:০০ টা | মাননীয় প্রধানমন্ত্রী বিকাল ৫.০০ টায় দেশব্যাপী ক্ষণগণনা (count-down) কার্যক্রম উদ্বোধন সম্প্রচার | উপজেলা প্রশাসন, কালিগঞ্জ, সাতক্ষীরা |

২.১। কালিগঞ্জ উপজেলায় ক্ষণগণনা (count-down) উদ্বোধন কার্যক্রম অনুষ্ঠান চলাকালীন ও র‍্যালী প্রদক্ষিণকালীন সার্বিক আইন-শৃঙ্খলা ও নিরাপত্তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অফিসার ইন-চার্জ কালিগঞ্জ থানা পুলিশকে অনুরোধ করা হয় ।

২.২। ক্ষণগণনা উদ্বোধন কার্যক্রম অনুষ্ঠানে সরকারি-বেসরকারি সকল বিভাগের কর্মকর্তা ও কর্মচারিগণকে থেকে অংশগ্রহণ করতে অনুরোধ করা হয় এবং উপস্থিতি নিশ্চিত করতে সকল বিভাগের নিয়ন্ত্রণকারী কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

২.৩। ক্ষণগণনা কার্যক্রম অনুষ্ঠানে স্কুল/কলেজের শিক্ষার্থীদের সকাল ও বিকাল উভয় অনুষ্ঠানে অংশগ্রহণ নিশ্চিত করতে উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

কালিগঞ্জ উপজেলায় ক্ষণগণনা (count-down) উদ্বোধন কার্যক্রম অনুষ্ঠান চলাকালীন নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি কালিগঞ্জকে অনুরোধ করা হয়।

৫। ক্ষণগণনা অনুষ্ঠানে অস্থায়ী মেডিকেল টিম রাখার প্রয়োজনীয় ব্যবস্থা করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার-কে অনুরোধ করা হয়।

২.৬। ক্ষণগণনা অনুষ্ঠানটি ফেইজবুকে লাইভ দেখানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-কে অনুরোধ করা হয়।

২.৭। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ক্ষণগণনা উদ্বোধন অনুষ্ঠানটি স্ব স্ব ইউনিয়ন পরিষদে দেখানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা

স্মারক নং- ০৫.৪৪.৮৭০০.০০০.২৬.০০২.১৯-১১ তারিখ - ০২ জানুয়ারী ২০২০

**অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।**

১। মাননীয় সংসদ সদস্য, সাতক্ষীরা-৩/সাতক্ষীরা-৪।
২। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৪। উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, কালিগঞ্জ

**অনুলিপি ঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।**

১। উপজেলা..................................................... অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
২। চেয়ারম্যান .............................................ইউপি (সকল), কালিগঞ্জ, সাতক্ষীরা।
৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক...................................................., কালিগঞ্জ, সাতক্ষীরা।
৪। জনাব ..................................................................., কালিগঞ্জ, সাতক্ষীরা।

মোঃ মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা